একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাজেট শাখা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৬.২৩.৯৭২

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানাপল্টন, ঢাকা।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত "জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫" এর অংশ হিসেবে '২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন' প্রতিযোগিতা আয়োজনের জন্য অর্থ বিভাগ কর্তৃক চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে অর্থ বিভাগের অধীন '১২০০১৬৫০২-তারুণ্যের উৎসব' এর আওতায় '১০৯০১০১-১২০০১৬৫০২-১১০০১০০০-৩২৫৭৩০১-অনুষ্ঠান/উৎসবাদি' খাতে বরাদ্দকৃত অর্থ হতে উপজেলা, জেলা, বিভাগীয় শহর, বিভাগ ও ঢাকা মহানগরীতে অনুষ্ঠান আয়োজনের জন্য ১,২৬,৪০,০০০/- (এক কোটি ছাব্বিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং পুরস্কার প্রদানের জন্য ২,১৯,২০,০০০/- (দুই কোটি উনত্রিশ লক্ষ বিশ হাজার) টাকাসহ মোট ৩,৪৫,৬০,০০০/- (তিন কোটি পঁয়তাল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা '১২৫০১০১১৩৭৯৫২-সচিবালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ' এর ডিডিও বরাবর অথরিটি প্রদানপূর্বক মঞ্জুরি আদেশ জারি করা হয়েছে। এছাড়া জাতীয় পর্যায়ে ১টি উচ্চ মাধ্যমিক ও ১টি মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানকে সেরা নির্বাচনপূর্বক ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের '১২৫০১-সচিবালয়-৩২৫৭৩০১-অনুষ্ঠান/উৎসবাদি' কোডে বরাদ্দকৃত অর্থ হতে প্রতিটি প্রতিষ্ঠানকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে মোট ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা প্রদানে অর্থ বিভাগ কর্তৃক সম্মতি জ্ঞাপন করা হয়েছে। উক্ত মঞ্জুরীকৃত অর্থ নিম্নোক্ত বিভাজন ও শর্তে ছাড়করণে সরকার সম্মত হয়েছে:

| উপজেলা পর্যায় | | প্রতিষ্ঠানভিত্তিক গ্রুপ (২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাংকন প্রতিযোগিতা) | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বাছাইকৃত প্রতিষ্ঠানের ক্যাটাগরি | | | | |
| ক্র. নং | প্রদত্ত পুরস্কার | মাধ্যমিক বিদ্যালয় (৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি সমপর্যায়) | উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (একাদশ হতে দ্বাদশ শ্রেণি সমপর্যায়) | বাছাইকৃত প্রতিষ্ঠানের সংখ্যা | ক্যাটাগরি প্রতি টাকার পরিমাণ (একক) | মোট টাকা |
| ১ | ১ম স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ৫০০০/- | ১০০০০/- |
| ২ | ২য় স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ৩০০০/- | ৬০০০/- |
| ৩ | ৩য় স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ২০০০/- | ৪০০০/- |
| | | | | উপমোট= | ১০০০০/- | ২০০০০/- |
| **জেলা পর্যায়** | | | | | | |
| ১ | ১ম স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ৭০০০/- | ১৪০০০/- |
| ২ | ২য় স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ৫০০০/- | ১০০০০/- |
| ৩ | ৩য় স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ৩০০০/- | ৬০০০/- |
| | | | | উপমোট= | ১৫০০০/- | ৩০০০০/- |
| **বিভাগীয় পর্যায়** | | | | | | |
| ১ | ১ম স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ৩০০০০০/- | ৬০০০০০/- |
| ২ | ২য় স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ২০০০০০/- | ৪০০০০০/- |
| ৩ | ৩য় স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ১০০০০০/- | ২০০০০০/- |
| | | | | উপমোট= | ৬০০০০০/- | ১২০০০০০/- |
| **জাতীয় পর্যায়** | | | | | | |
| ১ | ১ম স্থান অধিকারকারী প্রতিষ্ঠান | ১ | ১ | ২ | ৫০০০০০/- | ১০০০০০০/- |

(ক) পুরস্কার প্রদান বাবদ ব্যয়:

| ক্র. নং | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ১ | ৪৯৫টি উপজেলা ও মহানগরীর ২৫টি থানাসহ মোট ৫২০টি উপজেলা/থানা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১০০০০/-টাকা করে মোট ২০০০০/-টাকা হারে=২০০০০×৫২০ | ১,০৪,০০,০০০/- |
| ২ | ৬৪ জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১৫০০০/-টাকা করে মোট ৩০০০০/-টাকা হারে (৩০০০০/-×৬৪) | ১৯,২০,০০০/- |
| ৩ | ৮টি বিভাগে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৬০০০০০/-টাকা করে মোট ১২০০০০০/-টাকা হারে (১২০০০০০/-×৮) | ৯৬,০০,০০০/- |
| | উপমোট= | ২,১৯,২০,০০০/- |

(খ) উপজেলা, জেলা, বিভাগীয় শহর, বিভাগ ও ঢাকা মহানগরীর অনুষ্ঠান আয়োজন বাবদ ব্যয়:

| ক্র. নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | ৪৯৫টি উপজেলা ও মহানগরীর ২৫টি থানাসহ মোট ৫২০টি উপজেলা/থানা শিক্ষা পর্যায়ে ২০০০০/-টাকা হারে=২০০০০×৫২০ | ১,০৪,০০,০০০ |
| ২ | ৬৪ জেলায় ৩০০০০/- হারে (৩০০০০/-×৬৪) | ১৯,২০,০০০ |
| ৩ | ৮টি বিভাগে ৪০০০০/- হারে (৪০০০০/-×৮) | ৩,২০,০০০ |
| | উপমোট= | ১,২৬,৪০,০০০ |
| | সর্বমোট (ক+খ)= | ৩,৪৫,৬০,০০০.০০ |

(গ) পুরস্কার প্রদান বাবদ ব্যয়:

| ক্র. নং | বিবরণ | অর্থনেতিক কোড | বিজয়ী প্রতিষ্ঠানের নাম | পর্যায় | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ১ | জাতীয় পর্যায়ে | ১২৫০১-সচিবালয়-৩২৫৭৩০১-অনুষ্ঠান/উৎসবাদি | বড়লেখা সরকারি ডিগ্রি কলেজ বড়লেখা, মৌলভীবাজার | উচ্চ মাধ্যমিক | ৫,০০,০০০/- |
| ২ | | | শহীদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস স্কুল এন্ড কলেজ | মাধ্যমিক | ৫,০০,০০০/- |
| | | | | মোট= | ১০,০০,০০০/- |

শর্তাবলী:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA 2006 এবং PPR 2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) যে উদ্দেশ্যে এ অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে, সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এ অর্থ ব্যয় করা যাবে না; এবং

(গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

২.০ মঞ্জুরীকৃত ৩,৪৫,৬০,০০০/- (তিন কোটি পঁয়তাল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা হিসাবরক্ষণ কর্মকর্তা (ডিডিও), মাধ্যমিক ও উচ্চ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা হতে উত্তোলনপূর্বক উক্ত অর্থ উপজেলা পর্যায়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহানগর (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা) পর্যায়ে থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা পর্যায়ে জেলা শিক্ষা অফিসার, বিভাগীয় পর্যায়ে পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষাকে প্রদানের নিমিত্ত মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে চেকসমূহ প্রদান করবেন।

৩.০ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর চেকসমূহ উপজেলা, জেলা, বিভাগীয় শহর ও ঢাকা মহানগরীতে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। বিতরণকৃত অর্থ পরিশোধ হয়েছে মর্মে চেক গ্রহণকারীর নিকট হতে রেভিন্যু স্ট্যাম্পে স্বাক্ষর গ্রহনপূর্বক রেজিস্টার সংরক্ষণ করবে। চেকসমূহ বিতরণ শেষে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত রেজিস্টার হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর নিকট জমা প্রদান করবেন।

৪.০ "জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৫ এর আওতায় '২৪ এর রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন' প্রতিযোগিতার জাতীয় পর্যায়ে নির্বাচিত সেরা উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠান 'বড়লেখা সরকারি ডিগ্রি কলেজ, বড়লেখা, মৌলভীবাজার' এবং সেরা মাধ্যমিক প্রতিষ্ঠান 'শহীদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা' প্রত্যেক প্রতিষ্ঠানকে পুরস্কার হিসেবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে প্রদানের নিমিত্ত ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের '১২৫০১-সচিবালয়-৩২৫৭৩০১-অনুষ্ঠান/উৎসবাদি' কোডে বরাদ্দকৃত অর্থ হতে মোট ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক উত্তোলনপূর্বক বিভাগীয় কমিশনার সিলেট বিভাগ এবং বিভাগীয় কমিশনার ঢাকা বিভাগ মহোদয়গণকে প্রদান করবেন।

৫.০ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৩১.০৭.২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১০২.২০.০২৮.২৩.৮৪৬ স্মারকের মঞ্জুরী আদেশ, ১২.০৮.২০২৫ তারিখের ০৭.০০.০০০০.১০২.২০.০২৮.২৩.৮৬০ নং স্মারকে জারিকৃত সম্মতিপত্র, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবার শাখার ১৪.০৮.২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০৬২.২৩.০০১.২২-২৬৫ তারিখের ইউ.ও. নোট এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৪/৮/২০২৫
(লিউজা-উল-জান্নাহ)
উপসচিব
ফোন: ৯৫১২২০৫
moebudgetsection@gmail.com

নং- ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৬.২৩.৯৭২(১/১২)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. বিভাগীয় কমিশনার, ঢাকা/সিলেট।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩. যুগ্মসচিব (বাজেট অধিশাখা/প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
০৪. জেলা প্রশাসক (সকল), ......................................।
০৫. শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
০৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সিনিয়র সহকারী সচিব (বাজেট-২ শাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)......................................।
০৯. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)................................।
১০. জেলা শিক্ষা অফিসার, (সকল)..................................।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ......................................।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১৪. অফিস কপি।

২৪/৮/২০২৫
(লিউজা-উল-জান্নাহ)
উপসচিব